

প্রথম আলো

তারিখ: ১২/০২/২০১৯

সংক্ষেপে

বগুড়া

আরডিএ মহাপরিচালকের দায়িত্ব গ্রহণ, মতবিনিময়

বগুড়া পল্লী উন্নয়ন একাডেমির (আরডিএ) মহাপরিচালকের দায়িত্ব গ্রহণ করছেন মো. আমিনুল ইসলাম। গতকাল সোমবার দায়িত্ব গ্রহণের পর তিনি প্রতিষ্ঠানের অডিটরিয়ামে কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি বলেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন, অভিযোগ প্রতিকার ব্যবস্থার যথাযথ প্রয়োগের মাধ্যমে একাডেমিকে আরও এগিয়ে নেওয়া হবে। সরকারের ১০০ বছরের ডেল্টা পরিকল্পনার সঙ্গে সম্পৃক্ত হয়ে আরডিএকে আন্তর্জাতিক পর্যায়ে প্রতিষ্ঠানে রূপান্তর করার প্রয়াস অব্যাহত থাকবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের পরিচালক (প্রশিক্ষণ) বেগম নারগিস জাহান। এ সময় বগুড়া জেলা প্রশাসক মো. ফয়েজ আহাম্মদসহ বিভিন্ন উপজেলার ইউএনও, সহকারী কমিশনার (ভূমি) ও জেলা স্কাউটের বিভিন্ন স্তরের প্রশিক্ষকেরা উপস্থিত ছিলেন। সদ্যবিদায়ী ভারপ্রাপ্ত মহাপরিচালক এম এ মতিনও উপস্থিত ছিলেন।

সংবাদদাতা, বগুড়া